অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/28/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদেরকে বৃহস্পতিবার বিকাল ও সন্ধ্যার চরম বজ্রপাতসহ ঝড়ের জন্য প্রস্তুত থাকতে তাগিদ প্রদান করলেন

সেন্ট্রাল ও ইস্টার্ন নিউ ইয়র্কের জন্য ব্রজপাতসহ ঝড়ের পূর্বাভাস

ক্ষতিগ্রস্ত ঝড়ো বাতাস, ভেঙ্গে পড়া গাছের ডাল এবং বিদ্যুতের লাইন, এবং নিচু এলাকায় স্থানীয়ভাবে বন্যা হওয়া সম্ভব

জাতীয় আবহাওয়া পরিষেবার প্রতিবেদনকারী রাডার বৃহস্পতিবার ওইয়াওমিং টর্নেডো নিশ্চিত করেছে

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীকে বৃহস্পতিবারের সান্ধ্যকালীন যাতায়াতের সময় সতর্কতা অবলম্বন করতে ও সাবধান থাকতে তাগিদ প্রদান করেছেন

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্কবাসীকে তাগিদ দিয়েছেন শক্তিশালী ও চরম বজ্রপাতসহ ঝড়ের জন্য প্রস্তুত থাকতে যা বৃহস্পতিবার বিকালে স্টেটের প্রায় সবস্থানে আঘাত হানবে বলে অনুমান করা যাচ্ছে এবং সন্ধ্যায় পর্যন্ত চলতে থাকবে।

"আমরা আজকের পূর্বাভাসে করা নজর রাখছি যেহেতু চরম ঝড় স্টেটের অনেক অংশে আজকে সন্ধ্যায় আঘাত হানতে পারে, এবং প্রতিবেদন আছে যে ওইয়াওমিং কাউন্টি দিয়ে একটি ছোট টর্নেডো যেতে পারে," **গভর্নর হোকল বলেন।** "আমি নিউ ইয়র্কবাসীকে তাগিদ দিচ্ছি যাতে তারা নিজেদের স্থানীয় পূর্বাভাসের দিকে খেয়াল করে এবং জরুরি সতর্কতার জন্য সাইন আপ করে রাখে যাতে করে তারা চরম আবহাওয়ার পূর্বেই নিরাপদে থাকার জন্য ব্যবস্থা গ্রহণ করতে পারে।"

জাতীয় আবহাওয়া পরিষেবার (National Weather Service) ঝড় পূর্বাভাস কেন্দ্র (Storm Prediction Center) রাত 8টা পর্যন্ত স্টেটের বেশিরভাগ অংশকে চরম থান্ডারস্ট্রম ওয়াচের অধীনে রেখেছে। এই ঝড়গুলির ক্ষতিকর বাতাস আনার ক্ষমতা রয়েছে যা গাছ ও বিদ্যুতের লাইন ভেঙ্গে ফেলার মতো শক্তি রাখে, যার ফলে বিদ্যুৎ বিভ্রাট, এক ইঞ্চি বা তার বেশি ব্যসের শিলার সম্ভাবনা, এবং ভারী বৃষ্টিপাত হতে পারে যার ফলে বিচ্ছিন্ন ফ্ল্যাশ বন্যায় হতে পারে।

স্টেটের হোমল্যান্ড সিকিউরিটি এবং ইমার্জেন্সি সার্ভিসেসের (Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার জ্যাকি ব্রে বলেন, "নিউ ইয়র্কবাসীদের চরম আবহাওয়ার জন্য প্রস্তুত থাকা উচিত যা আজকে সন্ধ্যায় স্টেটের বেশির ভাগ অংশকে প্রভাবিত করতে পারে। DHSES বর্তমানে পুরো স্টেটের আবহাওয়া পরিস্থিতি পর্যবেক্ষণ করছে এবং স্থানীয় সরকারে আমাদের অংশীদারদের সাথে যোগাযোগ রাখছে যাতে করে ঝড় সম্পর্কিত যেকোনও প্রভাবের জন্য তারা প্রস্তুত থাকতে পারে। গভর্নর হোকল এবং আমি সকলকে আহ্বান জানাচ্ছি আজকে খবর রাখুন, সতর্কতার জন্য সাইন আপ করুন, এবং আপনার স্থানীয় পূর্বাভাস অনুসরণ করুন যেহেতু পরিস্থিতি দিনের যেকোনও সময়ে পরিবর্তিত হতে পারে।"

আবহাওয়া সংক্রান্ত সতর্কতা ও পূর্বাভাসের একটি পূর্ণাঙ্গ তালিকার জন্য জাতীয় আবহাওয়া পরিষেবার (National Weather Service) ওয়েবসাইট https://alerts.weather.gov দেখুন। নিউ ইয়র্কবাসীদের এছাড়াও https://alert.ny.govথেকে NY অ্যালার্টে (NY Alert) সাবস্ক্রাইব করে জরুরি সতর্কতার জন্য সাইন আপ করতে উৎসাহিত করা যাচ্ছে, এটি একটি বিনামূল্যে প্রদত্ত সেবা যা টেক্সট/ফোন/ইমেইল দ্বারা অতি গুরুত্বপূর্ণ জরুরি তথ্য প্রদান করে।

তীব্র আবহাওয়ার নিরাপত্তা পরামর্শ

প্রস্তুতি

- আপনি যেখানে বসবাস করেন সেখানের কাউন্টি এবং নিকটবর্তী শহরগুলির নাম জানুন। গুরুতর আবহাওয়ার সতর্কতা কাউন্টির ভিত্তিতে জারি করা হয়।
- আপনাকে তাড়াতাড়ি চলে যেতে হতে পারে তাই আপনার বাড়ির বা ব্যবসা থেকে উঁচু, নিরাপদ স্থানে যাওয়ার নিরাপদতম রুটটি জেনে রাখুন।
- একটি 'পরিবার নিয়ে পলায়ন' পরিকল্পনা গঠন এবং অনুশীলন করুন এবং পরিবারের সদস্যরা পৃথক হয়ে গেলে একটি দেখা করার স্থান সনাক্ত করে রাখুন।
- আসবাব, পোশাক এবং অন্যান্য ব্যক্তিগত সম্পত্তি সহ সমস্ত মূল্যবান জিনিসগুলির একটি আইটেমকৃত তালিকা তৈরি করুন। একটি নিরাপদ স্থানে তালিকাটি রাখুন।
- ক্যানের খাবার, ঔষধ এবং ফার্স্ট এইড সরবরাহ ও খাওয়ার পানির জরুরি সরবরাহ বেশি করে জমা করুন। পরিষ্কার, বন্ধ পাত্রে পানীয় জল সংরক্ষণ করুন।
- আপনার পোষা প্রাণী নিয়ে কী করবেন পরিকল্পনা করে রাখুন।
- একটি পোর্টেবল রেডিও, ফ্ল্যাশলাইট, অতিরিক্ত ব্যাটারি এবং জরুরি রান্নার সরঞ্জাম হাতের কাছে রাখুন।
- আপনার যানবাহনে জ্বালানি ভরে বা চার্জ দিয়ে রাখুন। যদি বিদ্যুৎ সরবরাহ বিচ্ছিন্ন হয়, তাহলে পেট্রোল স্টেশনগুলি বেশ কয়েক দিন জ্বালানি পাম্প করতে নাও পারে। আপনার গাড়ির ট্রাঙ্কে একটি ছোট দুর্যোগ সরবরাহ কিট রাখুন।

দুর্যোগকালীন অত্যাবশ্যক সামগ্রীগুলি নাগালের মধ্যে রাখুন, যার মধ্যে রয়েছে:

- ফ্ল্যাশলাইট এবং অতিরিক্ত ব্যাটারি
- ব্যাটারি চালিত রেডিও এবং অতিরিক্ত ব্যাটারি
- ফার্স্ট এইড কিট এবং ম্যানুয়াল

- জরুরি খাদ্য এবং পানি
- অ-বৈদ্যুতিক ক্যান ওপেনার
- অপরিহার্য ওষুধ
- চেকবুক, নগদ, ক্রেডিট কার্ড, ATM কার্ড

ঘূর্ণিঝড়

- ঘরের বাইরে থাকা অবস্থায় ঘূর্ণিঝড় সতর্কতা জারি হলে, অবিলম্বে আশ্রয় খুঁজুন। যদি কাছাকাছি কোনও আশ্রয় না থাকে তবে আপনার হাত দিয়ে আপনার মাথা ঢেকে একটি খাদ বা নিচু স্থানে লম্বা হয়ে শুয়ে পড়ুন।
- বাড়িতে বা ছোট কোনও ভবনে থাকলে, বেজমেন্ট বা ভবনের নিচ তলার ভেতরের একটি কক্ষে যান। জানালা থেকে দূরে থাকুন। আলমারি, বাথরুম, এবং অন্যান্য অভ্যন্তরীণ কক্ষগুলি সর্বোত্তম সুরক্ষা সরবরাহ করে। মজবুত কিছুর নিচে যান বা নিজেকে একটি গদি দিয়ে ঢেকে রাখুন।
- স্কুল, হাসপাতাল, বা শপিং সেন্টারে থাকলে, পূর্বে নির্ধারিত আশ্রয় এলাকায় যান। বড় খোলা এলাকা এবং জানালা থেকে দূরে থাকুন। বাইরে আপনার গাড়ির কাছে যাবেন না।
- একটি উঁচু ভবনে, সম্ভাব্য সর্বনিম্ন তলার একটি অভ্যন্তরীণ ছোট কক্ষ বা হলওয়েতে যান। এলিভেটর ব্যবহার করবেন না - সিঁড়ি ব্যবহার করুন।

হঠাৎ বন্যা

- বন্যায় ডুবে যাওয়া রাস্তায় কখনো গাড়ি চালানোর চেষ্টা করবেন না। গাড়ি ঘোরান এবং অন্য রাস্তা দিয়ে যান।
- যদি আপনার গাড়ির চারপাশে দ্রুত পানির উচ্চতা বৃদ্ধি পেতে থাকে, তাহলে অবিলম্বে গাড়ি ছেড়ে বেরিয়ে পড়ুন।
- দ্রুত গতিতে প্রবহমান পানির শক্তিকে ছোট করে দেখবেন না। দ্রুত গতিতে চলমান দুই ফুট উচ্চতার বন্যার পানি আপনার গাড়িকে ভাসমান করে ফেলবে, এবং ঘণ্টায় দুই মাইল গতিবেগে প্রবহমান পানি রাস্তা বা সেতু থেকে গাড়ি ভাসিয়ে নিয়ে যেতে পারে।

বজ্রপাত

- 30- 30 নিয়ম মেনে চলুন: যদি আপনার বিদ্যুৎ চমকাতে দেখার এবং বজ্রপাতের শব্দ শোনার মধ্যকার সময়ের ব্যবধান 30 সেকেন্ড বা তার কম হয় তাহলে সেই বজ্রপাত আপনাকে আঘাত করার মতো কাছাকাছি দূরত্বে রয়েছে। অবিলম্বে আশ্রয় গ্রহণ করুন। শেষবার বিদ্যুৎ চমকানোর পর আপনার আশ্রয়স্থল থেকে বের হওয়ার আগে 30 মিনিট অপেক্ষা করুন।
- বজ্রপাত সবচেয়ে লম্বা বস্তুতে আঘাত হানে। যদি আপনি গাছের উপরে থাকেন, তাহলে দ্রুত নিচে নেমে যান এবং যদি খোলা জায়গায় থাকেন তাহলে নিচে বসে যান।
- যদি আপনি কোনো আশ্রয়স্থলে যেতে না পারেন, তাহলে গাছ থেকে দূরে থাকুন। কোনও আশ্রয় না থাকলে, খোলা স্থানে নিচু হয়ে বসুন, কোনও গাছ যত লম্বা তার দ্বিগুণ দূরে থাকুন।

নিরাপত্তা সংক্রান্ত আরো পরামর্শের জন্য নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অব হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি সার্ভিসেস এর নিরাপত্তা পরামর্শ ওয়েবপেইজ www.dhses.ny.gov/safety দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন